# গঠনতন্ত্র

**ধারা-০১: প্রতিষ্ঠানের নাম ও বিস্তারিত ঠিকানা ঃ-**

(ক) পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা।

(খ) স্থায়ী কার্যালয় ঃ মমতা শপিং মল (৩য় তলা), নতুন বাজার, পৌরসভা ২নং ওয়ার্ড, কলাপাড়া, পটুয়াখালী।

**ধারা-০২: কার্য এলাকা** ঃ পটুয়াখালী জেলা ব্যাপী এবং পরবর্তী রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ অনুমোদনক্রমে সমগ্র দেশব্যাপী কার্যক্রম পরিচালিত হইবে।

**ধারা-০৩: (ক) প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্যঃ-**

অত্র প্রতিষ্ঠানটি একটি বেসরকারী স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক অলাভজনক এবং কল্যাণমূলক মহিলা ও শিশু হিতৈষী প্রতিষ্ঠান। একতা, শৃঙ্খলা, সহযোগীতামূলক দল গঠন ও পরিবেশ সৃষ্টির মাধ্যমে স্বেচ্ছাসেবী কর্ম উদ্যোগের দ্বারা জাতী, ধর্ম, বর্ণ, গোত্র নির্বিশেষ কর্মসূচীভুক্ত এলাকায় মহিলা ও শিশুদের আর্থ-সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনায় ব্যক্তি দেশী বা বিদেশী যে কোন প্রতিষ্ঠানের আর্থিক সহযোগীতা গ্রহণ করিয়া গৃহীত কর্মসূচী বাস্তবায়ণ করবে।

(খ) অত্র প্রতিষ্ঠান তাহার কর্মসূচী ভুক্ত এলাকার সদস্যদের নিরক্ষরতা দূরীকরনের উদ্দেশ্যে গণশিক্ষা ও উপ আনুষ্ঠানিক প্রাথমিক কার্যক্রম বাস্তবায়ন এর মাধ্যমে অশিক্ষিত সদস্যাদের শিক্ষিত করে গড়ে তোলার পাশাপাশি তাহাদের ব্যবহারিক শিক্ষা দিয়ে কর্মসংস্থানের ব্যবস্থা করা।

**নারীকল্যাণ কর্মসূচীঃ**

(ক) বাল্যবিবাহ, বহুবিবাহ, যৌতুক ও নারী নির্যাতনের বিরুদ্ধে মহিলাদের সচেতনতা বৃদ্ধি করা এবং পরনির্ভরশীলতার অভিশাপ থেকে মুক্ত করে সমাজে মর্যাদা বৃদ্ধি এবং অর্থনৈতিক ভূমিকা জোরদার করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনা করা। নারী অধিকার ও সচেতনতা বৃদ্ধির জন্য আইনগত সহায়তা প্রদান করা।

(খ) বেকার ও অসহায় দুঃস্থ মহিলাদের জন্য সেলাই ও মেশিনে উলবুনন ও বিভিন্ন প্রকার কুঁটির শিল্প যেমন- নকঁশি কাঁথা, ব্লক বাটিক, টাইডাই, স্ক্রীণ প্রিন্ট, ফোম পুতুল, চামড়া ও পাটজাত পণ্য তৈরীর প্রশিক্ষণ প্রদান সহ ঋণ সহায়তার ব্যবস্থা করা।

(গ) মৎস্য, হাঁস, মুরগী, গবাদিপশু, শাক-সবজী ও নার্সারী সম্পর্কে বাস্তব প্রশিক্ষণ দিয়া উন্নয়ন কর।

(ঘ) অবহেলিত দরিদ্র ও অসহায় ছিন্নমূল দুঃস্থ শিশুদের পূর্ণবাসন কর্মসূচী গ্রহণ।

(ঙ) প্রাকৃতিক দুর্যোগে দুর্গত মানুষের সেবা পূর্ণবাসন কর্মসূচী গ্রহণ।

(চ) সচেতনতা সৃষ্টি এবং শিক্ষা প্রসারের মাধ্যমে উন্নয়ন উপযোগী পরিবেশ সংরক্ষণ, নির্মল এবং শিক্ষা পরিচ্ছন্ন পরিবেশ লক্ষ্যে বনায়ন পরিবেশ দূষণ মুক্ত কর্মসূচী গ্রহণ।

(ছ) বিপথগামী মহিলা ও কিশোর অপরাধীদের কল্যাণের জন্য স্বাস্থ্য সেবা প্রদান বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ, পুঁজি প্রদান করিয়া তাদের কর্মসংস্থান সৃষ্টি করা।

(জ) টিকা দান ও মাতৃমঙ্গল কর্মসূচী গ্রহণ করা।

(ঝ) জনসংখ্যা বিস্ফোরণ রোধক্রমে পরিবার পরিকল্পনা কর্মসূচীর ব্যাপক কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবে।

অনুমোদিত

জিলাত্তা বানিম
জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (চঃ দাঃ)
মহিলা বিষয়ক অধিদপ্তর
পটুয়াখালী

সুমি
সুখি আক্তার সুমি
সম্পাদিকা
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

শিরিন
শিরিন আক্তার
সভানেত্রী
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

(ঞ) আর্সেনিক সনাক্ত করন কার্যক্রম এবং আর্সেনিক মুক্ত বিশুদ্ধ পানি ব্যবহারের জন্য উদ্বুদ্ধ করা।

(ট) স্যানিটেশন ল্যাট্রিন কার্যক্রম গ্রহণ করা এবং স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহারের জন্য উদ্বুদ্ধ করা।

(ঠ) মানসিক রোগীর উৎকর্ষতা বিধানের লক্ষ্যে সুচিকিৎসা, বিভিন্ন শিক্ষা, চিত্ত-বিনোদন, ব্যায়াম, খেলাধুলা, পাঠাগার স্থাপন ও অন্যান্য অনুষ্ঠানাদি করিবার ব্যবস্থা করিবে।

(ড) দুঃস্থ মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান এবং দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য বিনামূল্যে শিক্ষা উপকরণ প্রদান করা।

(ঢ) মহিলাদের স্বাবলম্বী হিসাবে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে সঞ্চয়ী মনোভাব গড়িয়া তোলার নিমিত্তে সঞ্চয় আমানত অর্জন করা এবং ঋণ দানের মাধ্যমে স্বাবলম্বী করা।

(ন) দুঃস্থ মহিলাদের কর্মসংস্থানের ও আয় বৃদ্ধির জন্য ব্যবসা ভিত্তিক অর্থকরী বাণিজ্যিক ও উন্নয়নমূলক প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন।

(ত) দুঃস্থ মহিলাদের সঞ্চয় আমানত সংস্থার নিজস্ব তহবিল বা সংস্থা কর্তৃক সংগৃহিত সরকারী/ বেসরকারী সাহায্য সংস্থা হতে প্রাপ্ত তহবিল হতে আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে সরল হাতে সার্ভিস চার্জের বিনিময় ঋণ দান।

(থ) মহিলাদের উৎপাদিত দ্রব্যাদি বাজারজাত করণে সহায়তা করা।

(দ) যৌথ আয়মূলক কর্মকান্ডে পরিচালিত করা প্রত্যেক সদস্যকে প্রতিষ্ঠানের কার্য এলাকার বসবাসকারী বাংলাদেশের নাগরিক হতে হবে।

(ধ) প্রতিবন্ধীদের চিকিৎসা, শিক্ষা, কারিগরি শিক্ষা, পূণর্বাসন, স্বাবলম্বী করা, ঋণদান করা, আত্মনির্ভরশীল করা।

(ণ) কর্মজীবি মহিলাদের সন্তানদের লালন পালন, সেবাযত্ন পর্যবেক্ষণ করা, তাদের শিক্ষা, চিকিৎসা ব্যবস্থা করা।

অনুমোদিত

(প) যৌনকর্মী, দুঃস্থ মায়েদের ট্রেনিং দিয়ে পূণর্বাসন করা এবং সন্তান শিক্ষা, চিকিৎসা, আশ্রয়ের সু-ব্যবস্থা করা।

(ফ) মাদকাসক্তদের সুচিকিৎসা, পুর্ণবাসন এবং কারিগরি শিক্ষার প্রশিক্ষণের মাধ্যমে আত্মনির্ভরশীল এবং কর্মক্ষম করা।

(ব) এইচ.আই.ভি/এইডস্ এবং এস.টি.ডি কার্যক্রমঃ

এইচ.আই.ভি/এইডস্ মরণ ব্যাধির প্রতিরোধ ও সুচিকিৎসা কার্যক্রম গ্রহণ করা। এইচ.আই.ভি/এইডস্ প্রতিরোধের লক্ষ্যে ব্যাপক প্রচার ও প্রচারণার মাধ্যমে ধর্মীয় অনুশাসন অনুসরনের মাধ্যমে মরণ ব্যাধি এইচ.আই.ভি/এইডস্ সম্পর্কে জনমনে ব্যাপকভাবে সচেতনতা বৃদ্ধিকরা। এইচ.আই.ভি/এইডস্ আক্রান্ত রোগীকে শারীরিক ও মানসিক মন্দাবস্থায় উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা। এছাড়াও অন্যান্য এস.টি.ডি/ যৌন সংক্রামক রোগ সমুহের সম্পর্কে বিপুল হারে জনসচেতনার উন্নয়ন করা।

(ভ) এসিড দগ্ধকার্যক্রমঃ

এসিডদগ্ধ রোগি ও ব্যাক্তিগণ বিশেষ নারীদ্বয়দের যাবতীয় উন্নয়ন মূলক কার্যক্রম গ্রহণ করা। এসিডদগ্ধদের যাবতীয় প্রয়োজনীয় শারীরিক ও মানসিক প্রদান করে পূনর্বাসন করা। তাহাদেরকে স্বাবলম্বি ও আত্মনির্ভরশীল করে গড়ে তোলা এবং সুস্থ সুন্দর জীবন যাপনে সাহায্য করা।

(ম) প্রবীণ হিতৈষী/বৃদ্ধাশ্রম মূলক কার্যক্রমঃ বয়স্ক এবং বয়স্কাদের জন্য সুচিকিৎসা, খাদ্য, বস্ত্র, আশ্রয় এবং চিত্ত বিনোদনের জন্য সুব্যবস্থা করা।

(য) গণশিক্ষা কার্যক্রম গ্রহণ করা।

(র) বায়োগ্যাস ও সৌর বিদ্যুৎ কার্যক্রম গ্রহণ করা।

(ল) নারীর ক্ষমতায়ন।

সুখি আক্তার সুমি
সম্পাদিকা
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

শিরিন আক্তার
সভানেত্রী
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

**ধারা-০৪ ঃ নূন্যতম সদস্য সংখ্যা ঃ**

নূন্যতম সদস্য সংখ্যা ৩৫ জন হইতে হইবে।

**ধারা-০৫ ঃ সদস্যদের চাঁদার হার/সঞ্চয় ঃ**

ক) সংস্থার কার্য এলাকায় বসবাসকারী যে সমস্ত মহিলা সদস্যা হইবার যোগ্য হইবেন তাহাদের ২০/- টাকা ভর্তি ফি মাসে ৫০/- টাকা হারে সঞ্চয় এবং ১০/- টাকা হারে মাসিক চাঁদা প্রদান করিতে হইবে। এইরূপ সদস্যাদের সাধারণ সদস্যা বলিয়া বিবেচনা করা হইবে। সকল সদস্যাদের বাধ্যতামূলকভাবে প্রতি মাসে কমপক্ষে ১০/- টাকা সঞ্চয় জমা প্রদান করিতে হইব।

খ) যদি কোন সদস্যা সংগঠনের জন্য এককালীন ৫,০০০/- হাজার টাকা বা সমপরিমাণ মূল্যের সম্পত্তি দান করেন তবে তাহাকে আজীবন সদস্যা বলিয়া গণ্য করা হবে। তাহারা যতদিন বাঁচিয়া থাকিবেন ততদিন পর্যন্ত তাহাদের সদস্যাপদ বহাল থাকিবে। তবে তাহাদিগকে গঠনতন্ত্রের সকল বিধি-বিধান মানিয়া চলিতে হইবে।

**ধারা-০৬: সদস্যদের যোগ্যতা ও অযোগ্যতা ঃ**

পাতা # ০১) প্রস্তাবিত কার্য এলাকার বসবাসকরী ১৬ বছর বয়স্ক যে কোন মহিলা উক্ত স্বেচ্ছাসেবী মহিলা সংগঠনের সদস্যা বলিয়া বিবেচিত হইতে পারবে। সদস্যা হইতে আগ্রহী প্রার্থীদের অবশ্যই গঠনতন্ত্রের বিধি-বিধান মানিয়া চলিতে হইবে।

০২) সদস্যা হওয়ার জন্য নির্ধারিত ফরমে পত্র দাখিল করিতে হইবে। কার্যকরী কমিটি কর্তৃক আবেদনপত্র অনুমোদনের পর সদস্যাপদ লাভ করিবে।

০৩) আবেদনপত্র মঞ্জুর হওয়ার পর কমপক্ষে ২০/- টাকা ভর্তি ফি এবং নূন্যতম ৫০/- টাকা হারে মাসিক সঞ্চয় এবং ১০/- টাকা হারে মাসিক চাঁদা প্রদান করিতে হইবে।

০৪) বিশেষ প্রয়োজনে সংগঠনের স্বার্থে অতিরিক্ত চাঁদা ধার্য করা হইলে তাহা প্রদানে সচেষ্ট থাকিতে হইবে।

অযোগ্যতা ঃ ০১) যদি কোন মহিলা সংগঠনের কার্য এলাকায় স্থায়ীভাবে বসবাস করেন বা যদি তাঁর বয়স ১৬ বছরের কম হয়।

০২) যদি কোন মহিলা দেউলিয়া হন বিকৃত মস্তিষ্কের অধিকারী হন এবং অসামাজিক কর্মকান্ডে লিপ্ত আছেন বলিয়া প্রমাণিত হয়।

০৩) আদালত কর্তৃক যে কোন সাজাপ্রাপ্ত হন।

০৪) ভর্তি ফি ও মাসিক চাঁদা দিতে সম্মত না হন।

অনুমোদিত

**ধারা-০৭: সদস্যাদের শ্রেণি বিভাগ ঃ**

**ক) সাধারণ সদস্যা ঃ**

ধারা-০৬ এর (ক) উপধারা অনুসারে যোগ্যতা সম্পন্ন যে কোন মহিলা ২০/- টাকা ভর্তি ফি এবং মাসিক নূন্যতম ০৫/- টাকা হারে চাঁদা এবং ৫০/- টাকা হারে সঞ্চয় প্রদান করিলে সাধারণ সদস্যা গণ্য হইবে।

**খ) আজীবন সদস্যা ঃ**

ধারা-০৬ এর (খ) উপধারা অনুসারে যে কোন মহিলা এককালীন নূন্যতম ৫,০০০/- (পাঁচ) হাজার টাকা বা সমমূল্যের সংগঠনে দান করেন তবে তাহাকে আজীবন সদস্যা বলিয়া গণ্য করা হইবে।

**ধারা-০৮: এর পদ বাতিল বা পুনরুদ্ধারের বিধি ঃ**

ক) নিম্ন লিখিত সংগঠনে সদস্যা পদ বাতিল হইতে পারে।

০১। যুক্তিসংগত কারণ ব্যতীত যদি কোন সদস্যা পর পর পাঁচটি সভায় অনুপস্থিত থাকেন।

০২। সংগঠনের স্বার্থের পরিপন্থী এবং গঠনতন্ত্রের বিধি বহির্ভুত কার্যকলাপে লিপ্ত থাকেন।

০৩। যদি কোন সমস্যা বিনা কারণে পর পর তিন মাস চাঁদা ও সঞ্চয় প্রদান না করেন।

০৪। মৃত্যুবরণ করলে।

সুমি
সুখি আক্তার সুমি
সম্পাদিকা
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

শিরিন
শিরিন আক্তার
সভানেত্রী
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

০৫। যে কোন অপরাধ আদালক কর্তৃক সাজাপ্রাপ্ত হন।

০৬। মস্তিষ্ক বিকৃত উন্মাদ বা পাগল হন।

**(খ) সদস্য পদ পুনুরুদ্ধারের বিধিসমূহঃ**

০১। ধারা ০৮ এর উপধারা (ক) ০১ ও ০২ কারণে সদস্যাপদ বাতিল হইলে উপযুক্ত কারণ দর্শাইয়া পুনরায় সদস্যাপদের জন্য সভানেত্রী বরাবরে দরখাস্ত করিলে কার্যকরী পরিষদের সিদ্ধান্ত ক্রমে সদস্যা পদ পুনুরুদ্ধার করা যাইবে। এই ক্ষেত্রে পুনঃভর্তি ফি ২০/- টাকা প্রদান করিতে হইবে।

০২। ধারা ০৮ এর উপধারা (ক) অনুসারে সদস্যা পদ বাতিল হইলে কৃত অপরাধের জন্য অনুতপ্ত হইয়া ক্ষমা প্রার্থনা এবং উহার পুনরাবৃত্ত হইবে না এই মর্মে লিখিত অঙ্গীকার করিলে কার্যকরী কর্তৃক জরিমানা ধার্য করা হইলে পুনরায় ২০/- টাকা ভর্তি ফি প্রদান করিতে হইবে।

**ধারা-০৯: বিভিন্ন প্রকার পরিষদের প্রকারভেদ, গঠন-প্রণালী ও কার্য সংক্রান্ত বিধি ঃ**

**(ক)সাধারণ পরিষদ ঃ**

সাধারণ সদস্যা এবং আজীবন সদস্যাদের সমন্বয়ে এই পরিষদ গঠিত হইবে। এই পরিষদের নূন্যপক্ষে ৩৫ জন সদস্যা থাকিতে হইবে। সাধারণ পরিষদ সংগঠনের সর্বোচ্চ ক্ষমতার অধিকারী। সাধারণ পরিষদের সভার সিদ্ধান্ত এবং অনুমোদন ব্যতীত কোন কর্মসূচী বাস্তবায়িত হইবে না এবং বাৎসরিক বাজেট সাধারণ পরিষদের ব্যতীত বৈধ হবে না। বাৎসরিক আয় ব্যয়ের সকল হিসাব সাধারণ পরিষদ কর্তৃক অনুমোদিত হইতে হইবে। সাধারণ পরিষদ মেয়াদ শেষ হওয়ার ৯০ দিন পূর্বে সভার পরবর্তী কার্যকরী পরিষদ গঠনের সিদ্ধান্ত গ্রহণ করিবেন। কার্যকরী পরিষদের নির্ধারিত পদ সমূহের জন্য একাধিক প্রার্থী না থাকে তাহলে সাধারণ পরিষদ কার্যকরী পরিষদ গঠন করিবে এবং মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর উক্ত কার্যকরী পরিষদ পরবর্তী (০২) দুই বৎসরের জন্য ক্ষমতাপ্রাপ্ত হইবে।

(খ) **কার্যকরী পরিষদ ঃ**

কার্যকরী পরিষদের সদস্যাপদের নূন্যতম ২০ বৎসর বয়স্ক হইতে হইবে। সাধারণ এবং আজীবন সদস্যা ভোটে সাধারণ পরিষদের সদস্যাদের মধ্য হইতে নিম্নতম ০৭ জন সদস্যা বিশিষ্ট এবং সর্বোচ্চ ১১ সদস্যা বিশিষ্ট এই পরিষদ গঠিত হইবে। উক্ত কার্যকরী পরিষদ হিসাবে সাধারণ পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী সকল কার্যাদী গঠনতন্ত্রের বিধি মোতাবেক সম্পন্ন করিবে। এই পরিষদ সংগঠনের অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং ক্ষমতা সম্পন্ন পরিষদ। সংগঠনের সকল কর্মকান্ড এই সংগঠনের মাধ্যমে পরিচালিত ও বাস্তবায়িত হইবে। এই পরিষদের নিকট সকল কর্মকান্ডের জন্য জবাবদিহি করতে হইবে।

অনুমোদিত

**কার্যকরী পরিষদের কাঠামো হইবে নিম্নরূপ ঃ**

**১১ জন বিশিষ্ট কার্যকরী পরিষদ**

| ক্রমিক নং | পদ | সংখ্যা |
|---|---|---|
| ১) | সভানেত্রী | ০১ জন |
| ২) | সহঃ সভানেত্রী | ০১ জন |
| ৩) | সাধারন সম্পাদিকা | ০১ জন |
| ৪) | যুগ্ম সম্পাদিকা | ০১ জন |
| ৫) | কোষাধ্যক্ষ | ০১ জন |
| ৬) | সাংগঠনিক সম্পাদিকা | ০১ জন |
| ৭) | প্রচার সম্পাদিকা | ০১ জন |
| ৮) | দপ্তর সম্পাদিকা | ০১ জন |
| ৯) | কার্যকরী সদস্য | ০৩ জন |
| | মোট = | ১১ জন |

**০৭ জন বিশিষ্ট কার্যকরী পরিষদ**

| ক্রমিক নং | পদ | সংখ্যা |
|---|---|---|
| ১) | সভানেত্রী | ০১ জন |
| ২) | সহঃ সভানেত্রী | ০১ জন |
| ৩) | সাধারণ সম্পাদিকা | ০১ জন |
| ৪) | যুগ্ম সম্পাদিকা | ০১ জন |
| ৫) | কোষাধ্যক্ষ | ০১ জন |
| ৬) | সাংগঠনিক সম্পাদিকা | ০১ জন |
| ৭) | প্রচার সম্পাদিকা | ০১ জন |
| | মোট = | ০৭ জন |

সুমি
সুখি আক্তার সুমি
সম্পাদিকা
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

শিরিন
শিরিন আক্তার
সভানেত্রী
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

**ধারা-১০: কমিটি/পরিষদের মেয়াদকাল ঃ**

প্রতিষ্ঠানের প্রত্যেকটির পরিষদের মেয়াদকাল হইবে ৩ (তিন) বৎসর এবং কোন অবস্থাতেই কোন পরিষদের মেয়াদকাল বেশী হইতে পারিবে না।

**ধারা-১১: কিমিটি/পরিষদের কর্মকর্তাদের ক্ষমতা ও কার্যবলী ঃ**

(ক) এই পরিষদ কার্য-নির্বাহী ও উপদেষ্টা পরিষদের নির্বাচনের ব্যবস্থা করিবে।

(খ) কার্য-নির্বাহী পরিষদঃ কর্তৃক গৃহীত পরিকল্পনা প্রণয়ন বাস্তবায়নে সহযোগীতা ও উপদেশ প্রদান করিবে।

(গ) বাৎসরিক রিপোর্ট এবং বাজেট অনুমোদন করিবে।

**কার্য-নির্বাহী পরিষদের ক্ষমতা ঃ**

(ক) নতুন সদস্যা ভর্তি

(খ) কোন সদস্যাকে জরিমানা, বহিষ্কার বা অপসারণ

(গ) মূলধন সংগ্রহ করা

(ঘ) নিরন্ধন কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে বেতনভুক্ত কর্মকর্তা/কর্মচারী নিয়োগ বেতন ও কর্তব্য নির্ধারণ করা

(চ) ঋণ দানের দরখাস্ত বিবেচনা ও ঋণদান করা

(ছ) সকল প্রাশাসনিক, ব্যবস্থাপনা, পরিচালনা, প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা

(জ) বার্ষিক বাজেট ও রিপেটি ইত্যাদি প্রণয়ন করিয়া অনুমোদনের জন্য সাধারণ সভায় পেশ করিবে

(ঞ) ১০০০ (এক হাজার) টাকার উর্দ্ধে যে কোন অনুমোদন করিবে

অনুমোদিত

নির্ধারিত সময়ে সভা আহবান, উহাতে যোগাযোগ এবং নির্বাচন সংক্রান্ত প্রক্রিয়া সম্পন্ন করিবে। সংগঠনের পৃষ্ঠ পরিচালনার জন্য কার্যকরী পরিষদের সদস্যদের মধ্যে নিম্নলিখিত ভাবে ক্ষমতা, দায়িত্ব ও কর্তব্য বন্টন করা হইবে।

**সভানেত্রী ঃ**

সভানেত্রী সমিতির প্রধান এবং তিনি পদাধিকার বলে সকল সভায় সভানেত্রীত্ব করিবেন। সভানেত্রী সমিতির সর্বাপেক্ষা সম্মানিত মহিলা। উন্নয়নমূলক কর্মকান্ড পরিচালনায় তাহাকে অত্যন্ত নিষ্ঠা, সততা ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করিতে হইবে। সভা আহবানের জন্য তিনি সাধারণ সম্পাদিকাকে অনুমতি প্রদান করিবেন এবং সভার শৃঙ্খলা রক্ষা করিবেন। যে কোন সিদ্ধান্তের ব্যাপারে পক্ষে-বিপক্ষে সমান সংখ্যক ভোট হইবে, সভানেত্রী অতিরিক্ত একটা ভোট যে কোন পক্ষে প্রদান করিতে পারিবেন। বাজেট বরাদ্দ অনুযায়ী তাৎক্ষনিক জরুরী প্রয়োজনে সভানেত্রী ৫০০/- টাকা খরচের অনুমোদন দিতে পারিবেন। সকল প্রকার পত্র যোগাযোগ তাহার স্বাক্ষরেই পরিচালিত হইবে। কার্যকরী পরিষদের কোন পদ শূন্য হইলে সভানেত্রী উক্ত পদে যোগ্য সদস্যদের মধ্যে যে কোন একজনকে মনোনয়ন করতে পারবেন। স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা সমূহের সঙ্গে যোগাযোগ রক্ষা করিবেন।

**সহ-সভানেত্রী ঃ**

সভানেত্রীর অনুপস্থিতিতে সহ-সভানেত্রীর স্থলাভিসিক্ত হইবে এবং সভানেত্রীর সকল দায়িত্ব ও ক্ষমতাপ্রাপ্ত হইবেন। শুধুমাত্র আর্থিক ক্ষমতায় থাকিবেন।

সুখি আক্তার সুমি
সাধারণ সম্পাদিকা
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

শিরিন আক্তার
সভানেত্রী
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

**সাধারণ সম্পাদিকা ঃ**

সাধারণ সম্পাদিকা সংগঠন পরিচালনার ব্যাপারে গুরুত্বপূর্ণ ব্যক্তি। তিনি সভানেত্রীর সাথে পরামর্শ অনুসারে সভা আহবান করিবেন। সংগঠনের যাবতীয় খাতাপত্র, হিসাব-নিকাশ রক্ষণাবেক্ষনের দায়িত্ব তাহার উপর। তিনি যে কোন খরচের জন্য ৩০০/- (তিনশত) টাকার বরাদ্দ অনুযায়ী অনুমোদন দিতে পারিবেন। বিভিন্ন প্রকল্পের কার্যাবলী তদারক এবং পরামর্শ দান করিবেন। রেজিস্ট্রেশনের কর্মকর্তা সমিতির কার্যক্রম পরিদর্শণে আসিলে তাহাদের পরিদর্শণ কাজে সার্বিক সহযোগিতা দান করিবেন।

**যুগ্ম-সম্পাদিকা ঃ**

সাধারণ সম্পাদিকার অনুপস্থিতিতে যুগ্ম-সম্পাদিকা আর্থিক ক্ষমতা ব্যতীত সাধারন সম্পাদিকার সার্বিক দায়িত্ব পালন করিবেন।

**কোষাধ্যক্ষ ঃ**

সমিতির সদস্যাদের চাঁদা, সঞ্চয় ও বিভিন্ন উৎস হইতে প্রাপ্ত অর্ত ব্যাংকে জমা রাখিবে। সংশ্লিষ্ট বিষয় হিসাব-নিকাশ ও খাতাপত্র নিয়ন্ত্রন এবং সংরক্ষণ করিবেন। বাজেট তৈরী ও সাধারণ সভায় পেশ করিবেন। সকল প্রকার অনুমোদিত ভাউচারের অনুকূলে অর্থ পরিশোধ করিবেন। বাৎসরিক অডিট হিসাব নিরীক্ষার সময় প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহের জন্য তৈরী করিবেন।

**সাংগঠনিক সম্পাদিকা ঃ**

সাংগঠনিক সম্পাদিকা সংগঠনের তৎপর বৃদ্ধি, শৃঙ্খলা বিধান অনুষ্ঠানাদির সুষ্ঠ পরিচালনার সমস্যা সমাধান ও সদস্যা বৃদ্ধির ব্যাপারে সার্বিক সহযোগিতা করিবেন। সংগঠনের সমস্যাদের এলাকাভিত্তিক বিভিন্ন দল গঠন, দলনেত্রী নির্বাচন এবং তাহাদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে আলোচনার মাধ্যমে সচেতনতা বৃদ্ধিকরণ, কার্য এলাকা পরিদর্শণ করিয়া সদস্যাদের বিভিন্ন কাজ কর্মের তথ্য সংগ্রহ করার বিষয়ে মুখ্য ভূমিকা পালন করিবেন সাংগঠনিক সম্পাদিকা।

অনুমোদিত

**প্রচার সম্পাদিকা ঃ**

প্রচার সম্পাদিকা সংগঠনের কর্মসূচী সর্বস্তরের জনগণের সম্মুখে তুলিয়া ধরিয়া উন্নতির পথকে সুগম করার প্রচেষ্টা চালাইবেন। সকল প্রকার প্রকাশনপার দায়িত্ব তাহার উপর ন্যাস্ত থাকিবে।

**দপ্তর সম্পাদিকা ঃ**

দপ্তর সম্পাদিকা সমিতির যাবতীয় সম্পদের রক্ষণাবেক্ষন করিবেন। অফিস গৃহ সু-শৃঙ্খলা ও পরিপাটি রাখার ব্যবস্থা করিবেন। বিভিন্ন সভা, অনুষ্ঠানাদিতে সহায়তা প্রদান করিবেন। সংগঠনের সকল প্রকার আসবাবপত্র ও উপকরনাদি তাহার দায়িত্বে থাকিবে।

**কার্যকরী সদস্যা ঃ**

কার্যকরী সদস্যাদের উপর বিভিন্ন সময়ে সমিতির যে কোন প্রকল্পের দায়িত্ব অর্পন করা হইলে তাহা যথাযথ পালনে সচেষ্ট থাকিবেন। সংগঠনের উন্নয়ন মূলক সকল প্রকার কার্যক্রম সম্পাদনে সহায়তা করিবেন।

**(গ) উপদেষ্টা পরিষদ ঃ**

০১)সংগঠনের যাবতীয় উন্নয়নমূলক ও সৎ কাজে পরামর্শ দান করিবেন।

০২) বিভিন্ন সদস্যারা সন্তোষজনক সমাধানের উদ্যোগ গ্রহণ করিবেন।

**(ঘ) তত্ত্বাবধায়ক পরিষদ ঃ**

০১) নির্ধারিত সময়ের জন্য এই পরিষদ কার্যকরী পরিষদের যাবতীয় ক্ষমতা ও দায়িত্ব পালন করিবেন।

০২) নিয়োজিত হইবার ৯০ (নব্বই) দিনের মধ্যে কার্যকরী পরিষদ গঠন নিশ্চিত করিবেন।

সুমি
সুখি আক্তার সুমি
সম্পাদিকা
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

শিরিন
শিরিন আক্তার
সভানেত্রী
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

**ধারা-১২: সভার শ্রেনী বিভাগ ঃ**

সংগঠনের ০৫ (পাঁচ) প্রকার সভার ব্যবস্থা থাকিবে ঃ

**(ক)সাধারণ পরিষদের সভা ঃ**

এই সভা বৎসরে অন্তত দুইবার অনুষ্ঠিত হইবে। সভানেত্রীর অনুমোদনক্রমে সাধারণ সম্পাদিকা এই সভা আহবান করিবেন। সভার স্থান, তারিখ ও সময় উল্লেখ পূর্বক ১৫ দিন পূর্বে সভার বিজ্ঞপ্তি নোটিশ বহির মাধ্যমে সদস্যামের নিকট পৌছাইতে হইবে। মোট সদস্যার $\frac{১}{৩}$ অংশের উস্থিতিতে এই সভার কোরাম হইবে।

**খ. কার্যকরী পরিষদের সভা ঃ**

সংগঠনের সভানেত্রীর অনুমোদনক্রমে ০৭ (সাত) দিনের নোটিশে সাধারণ সম্পাদিকা এই সবার আহবান করিবেন। মাসে অন্ততঃ একবার এই সভা অনুষ্ঠিত হইবে ও $\frac{২}{৩}$ অংশ সদস্যার উপস্থিতিতে এই সভার কোরাম হইবে। এই পরিষদ সংগঠন পরিচালনার জন্য যাবতীয় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

**গ. জরুরী সভা ঃ**

জরুরী প্রয়োজনে সভানেত্রীর অনুমোদনক্রমে সম্পাদিকা জরুরী সাধারণ পরিষদের সভা তিন দিনের বিজ্ঞপ্তিতে এবং জরুরী কার্যকরী এবকং জরুরী কর্যকরী পরিষদের সভা ২৪ (চব্বিশ) ঘন্টার বিজ্ঞপ্তিতে আহবান করিতে পারিবেন। সাধারণ পরিষদের জরুরী সভায় সাধারণ সদস্যার $\frac{২}{৩}$ অংশে কোরাম হইবে।

অনুমোদিত

**ঘ. তলবী সভা ঃ**

$\frac{২}{৩}$ অংশ সাধারণ সদস্যার অনুমোদনক্রমে সভানেত্রী বা সাধারণ সম্পাদিকা এই সবা আহবান করিবেন। বিশেষ উপস্থিতি উল্লেখ পূর্বক লিখিতভাবে সভা আহবানের জন্য সভানেত্রীকে অনুরোধ জানানো হইলে সভানেত্রী বা সাধারণ সম্পাদিকা সভা আহবান না করিলে তলবকারীগণ পরবর্তী ০৭ (সাত) দিনের বিজ্ঞপ্তি দিয়া নিজেরাই তাহাদের মধ্য হইতে একজনকে সভানেত্রী মনোনীত করিয়া সভায় মিলিত হইবেন। এ সভায় গৃহীত সিদ্ধান্ত সংগঠনের জন্য কার্যকরী হইবে $\frac{২}{৩}$ অংশ সদস্যার উপস্থিতিতে এই সভার কোরাম হইবে।

**ঙ. মূলতবী সভা ঃ**

কোরামের অভাবে সভা পরিচালনা করা সম্ভব না হইলে পরবর্তী সপ্তাহে একই বার সময় ও স্থান উক্ত সভা অনুষ্ঠিত হইবে এবং সিদ্ধান্ত নেওয়া যাইবে। মূলতবী সভার কোরামের প্রয়োজন হইবে না।

**ধারা-১৩: সাধারণ সভা ও নোটিশের মেয়াদ ঃ**

বিভিন্ন সভা ও নোটিশের মেয়াদ হইবে নিম্নরূপ ঃ

**ক. সাধরান পরিষদের সভা ঃ**

সভানেত্রীর অনুমতিক্রমে সাধারণ সম্পাদিকা ১৫ (পনের) দিনের নোটিশের এই সভা আহবান করিবেন। অর্থাৎ সভা অনুষ্ঠানের তারিখের ০৫ (পাঁচ) দিন পূর্বে নোটিশের মাধ্যমে সকল সদস্যাদের অবহিত করিতে হইবে এবং নোটিশ প্রাপ্তির স্বীকৃতি স্বাক্ষর গ্রহণ করিতে হইবে।

**খ. কার্যকরী পরিসদের সভা ঃ**

০৭ (সাত) দিনের নোটিশে সাধারণ সম্পাদিকা এই সভা আহবান করিবেন।

সুখি আক্তার সুমি
সম্পাদিকা
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

শিরিন আক্তার
সভানেত্রী
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

**গ. জরুরী সভা ঃ**

বিশেষ জরুরী প্রয়োজনে সাধারণ সম্পাদিকা সাধারণ পরিষদের ক্ষেত্রে ০৩ দিনের বিজ্ঞপ্তি ও কার্যকরী পরিষদের ক্ষেত্রে ২৪ ঘন্টার বিজ্ঞপ্তিতে সভা আহবান করিবেন।

**ঘ. তলবী সভা ঃ**

সভানেত্রী বা সাধারণ সম্পাদিকা অথবা প্রয়োজনে ০৭ দিনের নোটিশ এই সভা আহবান করিবেন।

**ঙ. মূলতবী সভা ঃ**

এই সভার জন্য পৃথকবাবে কোন নোটিশ বিজ্ঞপ্তির প্রয়োজন নাই। মূল সভা যে বারে, স্থানে, সময়ে অনুষ্ঠানের কথা ছিল তা পরবর্তী সপ্তাহে একই বারে, স্থানে ও সময়ে উক্ত সভা অনুষ্ঠিত হইবে।

**ধারা- ১৪ঃ সভার কোরাম ঃ**

বিভিন্ন সভার কোরাম নিম্নরূপ ঃ

**ক. সাধারণ সভা ঃ**

সাধারণ সদস্যাদের মোট সদস্যা সংখ্যার নিম্নতম ২/৩ অংশ সদস্যার উপস্থিতি প্রয়োজন হইবে।

**খ. কার্যকরী সভা ঃ**

কার্যকরী পরিষদের মোট সদস্যা সংখ্যার ২/৩ অংশ উপস্থিতির প্রয়োজন হইবে।

**গ. জরুরী সভা ঃ**

এই সভা সাধারণ পরিষদের জন্য আহুত হইলে ২/৩ অংশ সদস্যাদের উপস্থিতি প্রয়োজন হইবে এবং কার্যকরী পরিষদের আহুত হইলে ২/৩ অংশের অধিক সদস্যার উপস্থিতি প্রয়োজন হইবে।

**ঘ. তলবী সভা ঃ**

তলবী সভার জন্য নূন্যপক্ষে ২/৩ অংশ সদস্যার উপস্থিতি প্রয়োজন হইবে।

**ঙ. মূলতবী সভা ঃ**

মূলতবী সভার জন্য কোন কোরামের দরকার হইবে না।

**ধারা-১৫ঃ তলবী সভার বিস্তারিত বিবরণ ও অনাস্তা প্রস্তাব ঃ**

সমিতির স্বার্থ সংশ্লিষ্ট কোন ব্যাপারে কার্যকরী পরিষদ কোন ব্যবস্থা গ্রহণের অনীহা প্রকাশ করিলে সংগঠনের ২/৩ অংশ সাধারণ সদস্যার অনুরোধে সভানেত্রী বা সাধারণ সম্পাদিকা তলব সভা আহবান করিবে।বিশেষ উপস্থিতিতে বা সাধারণ সম্পাদিকা সভা আহবান না করিলে না তলবকারীরা নিজেদের মধ্যে একজনকে আহবায়িকা করিয়া ০৭(সাত) দিনের নোটিশ দিয়ে নিজেরাই সভায় মিলিত হইবে। ২/৩ অংশ সদস্যার উপস্থিতিতে এই সভায় কোরাম হইরে। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ কার্যকরী হইবে।

ক. কার্যকরী পরিযদের কোন সদস্যা যদি সংগঠনের স্বার্থের পরিপস্থি কাজ তবে তাহার বিরুদ্ধে কার্যকরী পরিষদের ২/৩ অংশ সদস্যা কর্তৃক অনাস্থা আনয়ন করা যাইবে। সমগ্র কার্যকরী পরিষদের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনয়ন করিতে হইলে ১৫(ক) ধারা অনুসারে ব্যবস্থা গৃহীত হইবে।

সুমি
সুখি আক্তার সুমি
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

শিরিন
শিরিন আক্তার
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

খ. যদি কোন কারণে কার্যকরী পরিষদের কোন পদ শূন্য হয় অথবা অনাস্থার মাধ্যমে কোন পদ শূন্য হইলে সভানেত্রী মনোনয়নের মাধ্যমে শূন্য পদ পূরণ করিতে পারিবেন।

**ধারা-১৬: নির্বাচন পরিচালনা এবং নির্বাচন কমিশন গঠনঃ**

ক. কার্যকরী পরিষদের নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার ৯০ দিন পূর্বে পরিষদের সভায় পরবর্তী কার্যকরী পরিষদ হঠন সংক্রান্ত মিলিত হইবে। সাধারণ পরিষদের সভায় কার্যকরী পরিষদ কোনরূপ জটিলতা সৃষ্টি না হইলে বা একই পদে একাধিক সদস্যা প্রতিদ্বন্দিতা না করিলে সাধারণ পরিষদের সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যকরী পরিষদ গঠন করা যাইবে। খ. সাধারন পরিষদ কর্তৃক কার্যকরী পরিষদ গঠন করা সম্ভব না হইলে নির্বাচন কমিশন গঠন করা হইবে। গ. সংগঠনের সদস্যা বা উপদেষ্টা পরিষদের সদস্যা অথবা ইউনিয়ন পরিষদের/ পৌরসভার চেয়ারম্যান/ মেম্বার (পুরষ/মহিলা) স্থানীয় কোন বিশেষ গণ্যমান্য ব্যক্তি বা মহিলা বিষয়ক অধিদপ্তরে সংশিষ্ট কর্মকর্তা কার্যকর পরিষদের সিদ্ধান্ত অনুসারে কমিশনের সদস্যাহইতে পারিবে না।

ঘ. নির্বাচনের ব্যাপারে নির্বাচন কমিশনের রায় চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে ইহার বিরুদ্ধে কোন আপীল চলিবে না।

ঙ. নির্বাচনের ৩০ দিন পূর্বে সদস্য পদ গ্রহন না করিলে নির্বাচনে অংশ গ্রহন করা যাইবে না।

চ. নির্বাচনের নূন্যতম ৪৫ দিন পূর্বে নির্বাচনের তারিখ ঘোষণা করিতে হইবে।

ছ. বৈধ ভোটার তালিকা নির্বাচনের ২১ দিন পূর্বে প্রকাশ করিতে হইবে।

জ. কোন প্রার্থী একাধিক পদের জন্য প্রতিদ্বন্দিতা করিতে পারিবে না এবং প্রত্যেক সদস্যা পতিটি পদের জন্য একটি মাত্র ভোটার অধিকারিনী হইবেন।

ঝ. সংগঠনের মোট সদস্যা $\frac{২}{৩}$ অংশের অংশ গ্রহণ ব্যতীত নির্বাচন বৈধ হইবে।

ঞ. নির্বাচন কমিশনের চেয়ারম্যান নির্বাচন পরিচালনার যাবতীয় দায়িত্ব পালন করিবেন এবং অন্যান্যদের মধ্যে দায়িত্ব বন্টন করিবেন।

অনুমোদিত
দিলারা খানম
জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (চঃ দাঃ)
মহিলা বিষয়ক অধিদপ্তর
পটুয়াখালী

**ধারা-১৭: আয়ের উৎস ও অর্থ খরচের বিধিঃ**

ক. সদস্যাদের চাঁদা, ভর্তি ফি, সঞ্চয়, সরকারী ও বেসরকারী অনুদান , উৎপাদিত বিক্রয় ইত্যাদি হইতে আয়ের মাধ্যমে সংগঠনের তহবিল গঠিত হইবে। সকল প্রকার অর্থ গ্রহণের সময় উপযুক্ত রশিদ প্রদান করিয়া প্রয়োজনীয় কাগজপত্র/ রেকর্ডপত্র লিপিবদ্ধ ও সংরক্ষণ করিতে হইবে। অনুমোদিত বাজেট অনুসারে সাধারণ সম্পাদিকা ৫০০/-(পাঁচশত ) টাকা পর্যন্ত খরচের ভাউচার করিতে পরিবেন। ৫০০/- (পাঁচশত) টাকার উর্দ্ধে যাবতীয় খরচ কার্যকরী পরিষদ অনুমোদন করিবে। বাজেট বহির্ভূত কোন খরচ করিতে হইলে সাধারণ পরিষদের অনুমোদিন নিতে হইবে। প্রয়োজনে বার্জেট সংশোষন করা যাইবে। সংশোষিত বাজেট সাধারণ পরিষদ কর্তৃক অনুমোদিত হইবে। সাধারণ পরিষদের অনুমোদনবিহীন যে কোন খরচ অবৈধ বিবেচিত হইবে।

**ধারা-১৮: ব্যাংক হিসাব পরিচালনাঃ**

(ক) তফসিলী যে কোন ব্যাংকে প্রতিষ্ঠানের শিরোনামে সভানেত্রী, সাধারণ সম্পাদিকা এবং কোষাধ্যক্ষার যুক্ত স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হইবে। প্রকাশ থাকে যে, প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব সভানেতীর মাধ্যমে পরিচালিত হবে। সাথে সাধারণ সম্পাদিকা অথবা কোষাধ্যক্ষার মুক্ত স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হইবে। আয়ের ব্যবহার সরল হারে ঋণদান, আয় বৃদ্ধিমূলক বিনিয়োগ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থাপনের কর্মসূচী গ্রহণ।

সুমি
সুখি আক্তার সুমি
সম্পাদিকা
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

শিরিন
শিরিন আক্তার
সভানেত্রী
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

**ধারা-১৯: হিসাব নিরীক্ষাঃ**

ক. রেজিস্ট্রেশন কর্তৃপক্ষে বা মনোনীত অথবা রেজিস্ট্রেশন অনুমোদিত অডিট পার্টি সংগঠনের হিসাব পরীক্ষা-নিরীক্ষা করিবেন এবং (অডিট রিপোর্ট) প্রদান করিবেন।

খ. প্রতিবছর একবার সংগঠনের বাৎসরিক অডিট সম্পন্ন হইবে।

গ. আর্থিক বছর শেষ হইবার পর একমাসের মধ্যে কার্যকরী পরিষদ অডিটের জন্য যাবতীয় রেকর্ডপত্র চূড়ান্ত করিবেন।

ঘ. অডিট অফিসার চাহিলে কার্যকরী পরিষদ অডিট চলাকালীন সময় সংগঠনের দেনা ও পাওনাদারদের উপস্থিত রাখার ব্যবস্থা করিবেন।

ঙ. অভ্যন্তরীন হিসাব নিরীক্ষার জন্য কার্যকরী পরিষদের সদস্যাদের দায়িত্ব প্রদান করা যাইবে। তাহারা নিয়মিত সংগঠনের অভ্যন্তরীন নিরীক্ষা করিবেন। অডিট অফিসার কর্তৃক কোন অনিয়মের আপত্তি উত্থাপিত হইলে কার্যকরী পরিষদের তাহার জবাবদিহি করিতে হইবে। যে কোন অনিয়মের জন্য কার্যকরী পরিষদ দায়ী থাকিবে না।

**ধারা-২০: গঠনতন্ত্রের পরিবর্তন ও সংশোধন ঃ**

অনুমোদিত

যদি কোন কারণ বা পরিস্থিতি অত্র প্রতিষ্ঠানের গঠনতন্ত্রের কোন ধারা বা উপ-ধারা সংশোধন বা সংযোজন ও পরিবর্তন/ পরিবর্ধনের প্রয়োজন হয় তবে সাধারণ পরিষদের সভায় উপস্থিত সদস্যাদের ২/৩ অংশের অনুমোদক্রমে নিবন্ধীকরণ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে এই সংশোধনী সংযোজনী ও পরিবর্তন বা পরিমার্জন কার্যকরী বলিয়া বিবেচিত হইবে।

**ধারা-২১: সংগঠন বিলুপ্তি সংক্রান্ত বিধিঃ**

যদি কোন সময়ে কোন কারণে সংগঠনের কর্মকান্ড পরিচালনা করা সম্ভব না হয় তখন সংগঠনের সাধারণ সদস্যার $\frac{২}{৩}$ অংশ কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করিয়া রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের বরাবরে দরখাস্ত করিতে হইবে। রেজিস্টেশন কর্তৃপক্ষ এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করিবেন। রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ কর্তৃক সংগঠন বিলুপ্তি ঘোষিত হইলে ইহার যাবতীয় হিসাব নিকাশ সমাপ্ত করিয়া সকল সদস্যাদের দেনা পাওনা পরিশোধ করিতে হইবে। প্রতিষ্ঠানের আসবাবপত্র সহ অন্যান্য মেশিনপত্র, যন্ত্রপাতি, স্থাবর-অস্থাবর সম্পত্তি যাহা সরকারী অথবা বেসরকারী অনুদানপ্রাপ্ত, তাহা মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধীকৃত স্থানীয় অন্য যে কোন স্বেচ্ছাসেবী মহিলা সংগঠনকে অনুদান প্রদান করা যাইতে পারে। এ বিষয়ে রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের সিদ্ধান্ত এর বিরুদ্ধে কোন আপত্তি বা আপীল করা যাইবে না। করিলেও তাহা গ্রহনযোগ্য হইবে না।

**ধারা-২২: স্থানীয় ও জাতীয় ভিত্তিক সংগঠন সমূহের সহিত প্রশাসনিক ও অর্থনৈতিক যোগসূত্রঃ**

মহিলা উন্নয়ন কর্মকান্ডকে সম্প্রসারণের লক্ষ্যে মাধ্যমে স্থানীয়, জাতীয়, আন্তর্জাতিক ভিত্তিক যে কোন অরাজনৈতিক স্বেচ্ছাসেবী সংগঠন/ দাতা সংস্থার (এনজিও) সাথে প্রশাসনিক ও অর্থনৈতিক যোগসূত্র স্থাপন করা যাইবে। তবে রেজিস্ট্রেশন কর্তৃপক্ষকে এ বিষয়ে অবহিত করা হইবে।

**ধারা-২৩: জনবল নিয়োগঃ**

সরকারী/ বেসরকারী/ আধা-সরকারী অথবা জাতীয় বা আন্তর্জাতিক দাতা সংস্থার (এনজিও) অর্থানুকূলে সংগঠনের মাধমে বিশেষ কোন উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত/ পরিচালিত হইলে উক্ত প্রস্তাব (পি পি) অনুযায়ী প্রয়োজনবোধ যোগ্য জনবল নিয়োগ করা যাইবে। নিয়োগের ক্ষেত্রে মহিলাদের অগ্রাধিকার থাকিবে। এ বিষয়ে

সুখি আক্তার সুমি
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

শিরিন আক্তার
সভানেত্রী
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

কার্যকরী পরিষদ এবং রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষ যৌথভাবে সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবেন। কার্যকরী পরিষদের যোগ্য আগ্রহী সদস্যাদের মধ্যে কাহাকে দায়িত্ব প্রদান করা হইলে তাহারা সম্মানি ভাতা গ্রহণ করিতে পারিবেন।

**ধারা-২৪: দেশী/বিদেশী প্রশিক্ষণঃ**

সংগঠনের যে কোন সদস্যা যোগ্যতা অনুযায়ী দেশী/বিদেশী/বেসরকারী দাতা সংস্থার আমন্ত্রনে প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণ করিতে পারিবেন। কার্যকরী পরিষদ এ বিষয়ে রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষের সঙ্গে আলোচনাক্রমে যোগ্যতার ভিত্তিতে মনোনয়ন প্রদান করিবেন।

**ধারা-২৫: মনোগ্রাম ও পতাকাঃ**

সংগঠনের স্বতন্ত্রতা ও স্বকীয়তা রক্ষার্থে একটি মনোগ্রাম ও একটি পতাকা থাকিতে পারে। কার্যকরী কমিটি পতাকা ও মনোগ্রামের নমুনা চূড়ান্ত এবং সাধারণ সভায় অনুমোদনের পর রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষের নিকট চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করিবেন। রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষের অনুমোদনের পর উক্ত মনোগ্রাম ও পতাকা ব্যবহার করা যাইবে।

অনুমোদিত

সুমি
সুখি আক্তার সুমি
সম্পাদিকা
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা

দিলারা খানম
জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (চঃ দাঃ)
মহিলা বিষয়ক অধিদপ্তর
পটুয়াখালী

শিরিন
শিরিন আক্তার
সভানেত্রী
পাথওয়ে মহিলা উন্নয়ন সংস্থা